



মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট

উপসচিব

বোর্ড ও জনসংযোগ বিভাগ

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোবা: ০১৭৪০-৬২৫৭৪০

ইমেইল: prompa6@gmail.com

ওয়েব সাইটঃ www.mpa.gov.bd

## “সংবাদ বিজ্ঞপ্তি”

### “চিলা ও জয়মনি ইউনিয়নের দুঃস্থ পরিবারের মাঝে মোংলা বন্দরের ঈদ শুভেচ্ছা উপহার বিতরণ”

পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষ্যে চিলা ও জয়মনির দুঃস্থ পরিবারের সদস্যদের মাঝে শুভেচ্ছা উপহার বিতরণ করলেন মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মীর এরশাদ আলী। সর্বমোট ৩০০ পরিবারের মাঝে শুভেচ্ছা উপহার প্রদান করা হয়। উপহার সামগ্রীর প্রতি প্যাকেটে ছিল ৩ কেজি মিনিকেট চাউল, ১ কেজি মসুর ডাল, ১ কেজি চিনি, লাচ্ছা সেমাই ১ প্যাকেট (১ কেজি), গুড়ো দুধ ২৫০ গ্রাম।

শুভেচ্ছা উপহার প্রদান অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মীর এরশাদ আলী উপস্থিত থেকে দুঃস্থ পরিবারের সদস্যদের হাতে এই শুভেচ্ছা উপহার তুলে দেন। এসময় আরও উপস্থিত ছিলেন, মোংলা বন্দর কর্তৃপক্ষের ক্যাপ্টেন মো: আসাদুজ্জামান, সদস্য (হারবার ও মেরিন), ড. এ. কে. এম. আনিসুর রহমান, সদস্য (প্রকৌশল ও উন্নয়ন) ও কালাচাঁদ সিংহ, সচিব ও পরিচালক (প্রশাসন) (অ:দা:)। এছাড়াও উপস্থিত ছিলেন মোংলা বন্দর কর্তৃপক্ষের বিভাগীয় প্রধানগণ, সিবিএ নেতৃবৃন্দ ও মোংলা বন্দরের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ।

প্রধান অতিথি বক্তব্যের শুরুতেই বন্দরের ইনারবার ডেজিং কার্যক্রমের সময় সহযোগীতার জন্য চিলা ও জয়মনিবাসীর আন্তরিক সহযোগীতার জন্য ধন্যবাদ জানান। বন্দর চেয়ারম্যান রিয়ার এডমিরাল মীর এরশাদ আলী বলেন, “পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে মোংলা বন্দর মানবিক চিন্তায় এই উদ্দ্যোগ গ্রহণ করেছে। মোংলা বন্দরের উন্নয়ন হলে আপনারা ভালো থাকবেন, দেশের উন্নয়ন হবে, আপনাদের উন্নয়ন হবে, সর্বপরি এই অঞ্চলের উন্নয়ন হবে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আপনারা বন্দরের কার্যক্রমে সহযোগীতা করবেন, মোংলা বন্দর আপনাদের পাশে থাকবে।”

স্বাক্ষরিত/-

মো: মাকরুজ্জামান

উপসচিব